দৈনিক সংবাদ

তারিখ JUL 1 1999
পৃষ্ঠা ৫ কলাম 2

### পটুয়াখালীর দুটি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান

# ৮৪ জন ছাত্রছাত্রী ফলাফল না পাওয়ায় চরম উত্তেজনা

পটুয়াখালী থেকে নিজস্ব সংবাদদাতা ঃ কর্তৃপক্ষের উদাসীনতার কারণে এস এস সি পরীক্ষার ফলাফল প্রকাশের ১০দিন পরেও ফলাফল পায়নি পটুয়াখালী টেক্সটাইল ইন্সটিটিউট এবং ভকেশনাল ইন্সটিটিউটের ৮৪ জন ছাত্রছাত্রী। ফলাফল না পাওয়ায় বর্তমানে তাদের ভবিষ্যৎ এক অনিশ্চয়তার মুখোমুখি। ফলে উত্তেজনা বিরাজ করছে ছাত্রছাত্রীদের মধ্যে; উদ্বিগ্ন হয়ে পড়েছেন অভিভাবকরা।

বস্ত্র মন্ত্রণালয় নিয়ন্ত্রিত বস্ত্র দপ্তর কর্তৃপক্ষ পরিচালিত পটুয়াখালী টেক্সটাইল ইন্সটিটিউটে ৩৯ জন ভোকেশনাল ইন্সটিটিউটের ৪৫ জন ১৯৯৯ সালের এস এস সি পরীক্ষায় কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অংশগ্রহণ করে। উভয় প্রতিষ্ঠানের পরীক্ষাশেষে খাতাপত্র সংশ্লিষ্ট বোর্ডের নিয়মানুযায়ী পটুয়াখালী ভোকেশনাল ইন্সটিটিউটের মাধ্যমে সংশ্লিষ্ট বোর্ডে ১৬ই এপ্রিল পাঠানো হয়। একই পরীক্ষার ৮ সপ্তাহব্যাপী বাস্তব প্রশিক্ষণের ফলাফল পাঠানো হয় ১৬ই মে তারিখে।

এ ঘটনার ৩দিন পর ১৭ই জুন এক স্মারক মারফত বোর্ড কর্তৃপক্ষ উল্লেখ করেন যে, বাস্তব প্রশিক্ষণ না পাওয়ার কারণে রোল নং ড্রেজ-৯৯০৪৮৬২-৪৮৭৮ ফলাফল সাময়িকভাবে স্থগিত ও ৯৯০৪৮৪১-৯৯ ৪৮৬১ উইভিং বিভাগের, ২০ জন ছাত্রের ব্যবহারিক পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কারণে ফলাফল স্থগিত করা হয়েছে।